ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে বৈঠক, দ্রুত কাজ শুরুর নির্দেশ মুখ্যমন্ত্রীর



নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ দ্রুত শুরু ও নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যে ঘাটাল মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হল গুরুত্বপূর্ণ প্রশাসনিক বৈঠক। মুখ্যমন্ত্রীর নির্দেশেই মাস্টার প্ল্যানের কাজ দ্রুততার সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে এই বৈঠক। ঘাটালের মহকুমাশাসক অনন্য জানা, ঘাটালের বিধায়ক শীতল কপাট, মহকুমা পুলিশ আধিকারিক সপ্তর্ষি ভট্টাচার্য-সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে উঠে এসেছে, দ্রুততার সঙ্গে পাঁচটি স্লুইস গেট নির্মাণ। শুকচন্দ্রপুরে ৪টি স্লুইস গেট, চাওলিতে ১টি স্লুইস গেট নির্মাণের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি প্রায় সাড়ে পাঁচ কিলোমিটার নদীবাঁধের কাজ করা হবে। এই কাজের জন্য ১১টি বিদ্যুতের খুঁটি অন্যত্র সরানোর প্রয়োজন হবে। কাজ চলাকালীন সাধারণ মানুষের যাতে কোনওরকম অসুবিধা বা ক্ষতি না-হয়, সেই বিষয়টিও বিশেষ ভাবে আলোচনায় উঠে আসে। পাশাপাশি দ্রুত কাজ শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার বিষয়েও আলোচনা হয়।

ঘাটালের বিধায়ক শীতল কপাট জানান, মাস্টার প্ল্যানের কাজ করতে গিয়ে সাধারণ মানুষের যাতে কোনও ক্ষতি না-হয়, সেদিকে বিশেষ নজর রাখা হবে। এটি একদিনের কাজ নয়। আগামী চার বছরের মধ্যে ঘাটালের মানুষকে বন্যার দুর্ভোগ থেকে মুক্তি দেওয়ার লক্ষ্যেই এই প্রকল্পের কাজ এগিয়ে নিয়ে যাওয়া হবে। দীর্ঘদিনের বন্যা সমস্যার স্থায়ী সমাধানের আশায় এখন ঘাটালবাসীর নজর মাস্টার প্ল্যানের বাস্তবায়নের দিকে।

প্রাথমিক শিক্ষার হাল ফেরাতে কড়া বার্তা চেয়ারম্যানের

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে এবার সরেজমিনে স্কুল পরিদর্শনে নামলেন হুগলি জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান মধুসূদন বাগ। আর স্কুলে স্কুলে ঘুরে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার বাস্তব চিত্র দেখে রীতিমতো বিস্মিত তিনি। কোথাও পরিকাঠামোগত সমস্যা, কোথাও ছাত্রছাত্রীদের উপস্থিতি নিয়ে গাফিলতির অভিযোগ, আবার কোথাও নিয়মিত উপস্থিতির খাতা পূরণ না-করার মতো গুরুতর বিষয় সামনে এসেছে। বিশেষ করে আরামবাগ ব্লকের বামসা আমরেল প্রাথমিক বিদ্যালয়ের বিরুদ্ধে ওঠা অভিযোগ ঘিরে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে প্রাথমিক শিক্ষার দায়িত্ব ও কর্তব্য নিয়ে।

বুধবার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে গিয়ে স্কুলগুলির সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখেন জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান। স্কুলের পরিকাঠামো, শিক্ষক ও ছাত্রছাত্রীদের সংখ্যা, বিদ্যুৎ পরিষেবা, পানীয় জলের ব্যবস্থা, মিড ডে মিলের খাবারের গুণগত মান থেকে শুরু করে নিয়মিত পঠনপাঠন, প্রতিটি বিষয়ই গুরুত্ব দিয়ে পরীক্ষা করেন তিনি। শুধু কাগজে-কলমে নয়, সরাসরি শ্রেণিকক্ষে ঢুকে পড়ুয়াদের সঙ্গে কথা বলেন এবং শিক্ষকদের কাছ থেকেও স্কুলের বিভিন্ন সমস্যার বিষয়ে জানতে চান।

পরিদর্শনে গিয়ে সবচেয়ে বেশি যে বিষয়টি নজরে এসেছে, তা হল অধিকাংশ স্কুলেই প্রতিদিনের ছাত্রছাত্রীদের উপস্থিতির হিসাব নিয়ম মেনে রেজিস্টার খাতায় নথিভুক্ত করা হয়নি বলে অভিযোগ।সবচেয়ে বেশি বিতর্ক তৈরি হয়েছে আরামবাগ ব্লকের বামসা আমরেল প্রাথমিক বিদ্যালয়কে ঘিরে। অভিযোগ, ওই স্কুলে শিক্ষকদের নিজেদের উপস্থিতি ও স্বাক্ষর নিয়মিত নথিভুক্ত করা হলেও পড়ুয়াদের প্রতিদিনের উপস্থিতি রেজিস্টারে তোলা হচ্ছে না।

এই প্রসঙ্গে হুগলি জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান মধুসূদন বাগ বলেন, 'স্কুলের শিক্ষকরা চেষ্টা করছেন। গ্রামের দিকে স্কুল হওয়ায় অনেক ছাত্রছাত্রী নিয়মিত স্কুলে আসে না। ফলে অনেক পড়ুয়ার সঠিকভাবে বিকাশ ঘটানো সম্ভব হচ্ছে না। আমি ছাত্রছাত্রী থেকে শুরু করে শিক্ষকদের সঙ্গে কথা বলেছি। স্কুলের যে সমস্ত ত্রুটি রয়েছে, সেগুলি সংশোধন করতে হবে। প্রতিদিন ছাত্রছাত্রীদের উপস্থিতি রেজিস্টার খাতায় তোলা অত্যন্ত জরুরি। কিন্তু অনেক স্কুলে সেই কাজ নিয়মিত হচ্ছে না। এটা আগের সরকারের আমলে একটা সংস্কৃতিতে পরিণত হয়েছিল। সেই সংস্কৃতি বদলাতে হবে। বর্তমান সরকার সঠিক পদ্ধতিতে প্রাথমিক শিক্ষার উন্নয়ন ঘটাতে এবং শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আনতে উদ্যোগী।'

অন্যদিকে, বামসা আমরেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঝন্টু বাগ বলেন, চেয়ারম্যান সাহেব স্কুলে এসেছেন। ক্লাসে গিয়ে ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেছেন। উপস্থিতির খাতা নিয়ে কিছু সমস্যা রয়েছে। স্কুলের কিছু কাজের জন্য নিয়মিত তা করা হয়নি। তবে প্রার্থনার সময় ছাত্রছাত্রীদের সংখ্যা গণনা করা হয়। প্রধান শিক্ষকের এই বক্তব্য ঘিরেও প্রশ্ন উঠছে।



ভদ্রেশ্বর ষষ্ঠীতলা সর্বজনীন জগদ্ধাত্রী প্রতিমা।



চন্দননগর বাগবাজার সর্বজনীন দুর্গা প্রতিমা।

সাপের কামড়ে মৃত্যু সর্পপ্রেমীর



নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: সাপের কামড়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের বাসিন্দা প্রকৃতিপ্রেমী রাহুল প্রতিহারের। মনসা পুজোয় সাপের খেলা ঝাঁপান উৎসবে আগে মঙ্গলবার বিকেলে পুজোর ঘট নিয়ে আসার সময় কয়েকটি বিষধর সাপ নিয়ে খেলা দেখাচ্ছিল রাহুল। সেই সময় একটি গোখুরে সাপ তার ডান হাতে ছোবল মারে। পরিবারের লোকজন তাকে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সন্ধ্যায় তার মৃত্যু হয়।



চন্দননগর বড় দিঘির ধার সর্বজনীন জগতে প্রতিমা। ছবি: বনস্পতি দে



চন্দননগর সাত ঘাট সর্বজনীন জগদ্ধাত্রী প্রতিমা।

৫৪ বছরে দে পরিবারের জগদ্ধাত্রী পুজো



নিজস্ব প্রতিবেদন, অন্ডাল: স্বপ্নাদেশে শুরু হয়েছিল পুজোর। দেখতে দেখতে সেই পারিবারিক পুজো পা দিল ৫৪ বছরে। উখড়া গ্রামের বাজপাই মোড়ে দে পরিবারের জগদ্ধাত্রী পুজো এখন শুধু পরিবারের ধর্মীয় আয়োজন নয়, এলাকার মানুষের কাছেও এক পরিচিত আবেগ ও ঐতিহ্যের নাম।

১৯৭৩ সালে প্রয়াত শিল্পপতি বলরাম দের হাত ধরে এই পুজোর সূচনা। কথিত আছে, স্বপ্নাদেশ পেয়েই তিনি পরিবারে জগদ্ধাত্রী পুজো শুরু করেন। প্রথম দিকে মায়ের প্রতিকৃতির সামনে পুজো করা হতো। পরে ১৯৭৮ সালে স্থায়ী মন্দির নির্মাণ করে মাটির প্রতিমা এনে পুজোর প্রচলন শুরু হয়। সেই থেকে নিষ্ঠা ও পরম্পরা মেনেই চলে আসছে পুজো।

দে পরিবারের জগদ্ধাত্রী প্রতিমার মধ্যেও রয়েছে নিজস্ব বৈশিষ্ট্য। অন্যান্য প্রতিমার তুলনায় এই প্রতিমার সাজ ও গড়ন কিছুটা আলাদা। মায়ের দু'পাশে শোভা পায় দুটি সুদৃশ্য পরী, যা প্রতিমার সৌন্দর্যে যোগ করে এক অন্য মাত্রা। অন্যান্য জায়গায় জগদ্ধাত্রী পুজো চার দিন ধরে অনুষ্ঠিত হলেও দে পরিবারে পুজোর আয়োজন দু'দিনের। পঞ্জিকা মেনে বুধবার একই দিনে সপ্তমী, অষ্টমী ও নবমীর পুজো সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার দশমীর পুজোর পর হবে প্রতিমা নিরঞ্জন। নবমী তিথিতে বাড়িতে বিশেষভাবে আয়োজন করা হয় কুমারী পুজোর। পাশাপাশি দুপুর ও রাতে থাকে ভোজের আয়োজন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। এই পুজোর অন্যতম বিশেষত্ব হল, যাবতীয় আয়োজনের মূল দায়িত্ব সামলান পরিবারের মহিলারাই।

পুজো পারিবারিক হলেও তার আনন্দ আটকে থাকে না পরিবারের চার দেওয়ালের মধ্যে। স্থানীয় বাসিন্দা থেকে আত্মীয়-স্বজন, সকলেই অংশ নেন এই উৎসবে। দু'দিন ধরে দে পরিবারের বাড়ি হয়ে ওঠে এক মিলনক্ষেত্র। ধর্মীয় আচার, পারিবারিক পরম্পরা আর সামাজিক সম্প্রীতির মেলবন্ধনে ৫৪ বছরের এই জগদ্ধাত্রী পুজো আজও উখড়ার বাজপাই মোড়ে বহন করে চলেছে এক নিজস্ব ঐতিহ্য।

জয়রামবাটি মেতেছে জগদ্ধাত্রী পুজোয়



নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: সারদা মায়ের জন্মস্থান জয়রামবাটি মেতে উঠেছে জগদ্ধাত্রী পুজোয়। সারদা দেবীর মা শ্যামাসুন্দরী দেবী স্বপ্নাদেশ পেয়ে এই পুজো শুরু করেছিলেন বলে কথিত আছে। এই পুজোর সঙ্গে শুরু থেকে জড়িয়ে ছিলেন সারদা। পরবর্তীতে সারদা মায়ের জন্মস্থানে মাতৃমন্দির প্রতিষ্ঠা হলে জগদ্ধাত্রী পুজো আয়োজনের দায়িত্ব নেয় মন্দির কর্তৃপক্ষ। স্বাভাবিক ভাবেই এই পূজা দেখতে দূর-দূরান্ত থেকে পুণ্যার্থীরা আসেন। এই পূজা ঘিরে পর্যটকরাও জয়রামবাটি আসেন।

সিউড়ি থেকে এসেছিলেন এক চিকিৎসক দম্পতি রতন ব্যানার্জি ও প্রভাতী ব্যানার্জি। তাদের বক্তব্য, সারা বছর ছুরিকাঁচি নিয়েই কেটে যায়। তাই দুই মায়ের আশীর্বাদ নিয়ে মনঃসংযোগ বাড়াতে প্রতিবছর এখানে আসেন।

সাধারণ বিজ্ঞপ্তি
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ধারা ১০২-এর অধীনে)

প্রাইম মুভার্স অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড-এর পার্সোনাল গ্যারান্টার শ্রী অজয় কোঠারির পাওনাদারদের অবগতির জন্য

প্রাসঙ্গিক বিবরণ	
১. পার্সোনাল গ্যারান্টার (পিজি)-এর নাম	শ্রী অজয় কোঠারি
২. পিজি-এর বাসস্থানের ঠিকানা	২৩এ/২১৬এ, রামতনু লাহিড়ী সরণী নিউ আলিপুর এসবিআই ব্রাঞ্চের বিপরীতে, ব্লক জে, নিউ আলিপুর, কলকাতা-৭০০০৫৩
৩. কর্পোরেট দেনাদারের নাম ও ঠিকানা যাকে ব্যক্তিগত গ্যারান্টি দেওয়া হয়েছিল	প্রাইম মুভার্স অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড যার নিবন্ধিত ঠিকানা ৫, সুতারকিন স্ট্রিট, ১ম ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০০৭২-এ অবস্থিত।
৪. অ্যাডজুডিকেটিং অথরিটির আদেশের বিবরণ	মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চ ১৬/১১/২০২৬ তারিখে **(১৭.১১.২০২৬ তারিখে প্রাপ্ত আদেশ)** CP(IB)/147/KB/ 2026- IA 1132/KB/2026 অনুযায়ী প্রাইম মুভার্স অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড-এর পার্সোনাল গ্যারান্টার **শ্রী অজয় কোঠারির** বিরুদ্ধে ইনসোলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া স্বীকার করেছে।
৫. আইবিসি, ২০১৬-এর অধীনে পিজি-র বিষয়ে ইনসোলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া শুরুর তারিখ	১৬/১১/২০২৬
৬. রেজোলিউশন প্রফেশনালের নাম এবং নিবন্ধন নম্বর	ভিকি ড্যাং নিবন্ধন নং IBBI/IPA-003/IP-N00359/2021-22/13763
৭. বোর্ডে নিবন্ধিত রেজোলিউশন প্রফেশনালের ঠিকানা এবং ই-মেইল	বি-৪১, ২য় ফ্লোর, গঙ্গারাম বাটিকা, বিষ্ণু গার্ডেন পার্ট-I, নিউ দিল্লি - ১১০০১৮ ইমেইল - VIKKYDANG@GMAIL.COM
৮. রেজোলিউশন প্রফেশনালের সাথে যোগাযোগের জন্য ব্যবহার করার ঠিকানা এবং ই-মেইল	ঠিকানা - বি-৪১, ২য় ফ্লোর, গঙ্গারাম বাটিকা, বিষ্ণু গার্ডেন পার্ট-I, নতুন দিল্লি - ১১০০১৮ ইমেইল **PG.PMAAPL@GMAIL.COM**
৯. দাবি জমা দেওয়ার শেষ তারিখ	১০/১২/২০২৬
১০ প্রাসঙ্গিক ফর্মগুলি এখানে উপলব্ধ	**ওয়েব লিঙ্ক** https://ibbi.gov.in/en/home/downloads

এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল আইবিসি, ২০১৬-এর ধারা ১০০-এর অধীনে ১৬/১১/২০২৬ তারিখে (১৭/১১/২০২৬ তারিখে প্রাপ্ত আদেশ) **শ্রী অজয় কোঠারির** একটি ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া শুরু করার আদেশ দিয়েছে।
এতদ্বারা **শ্রী অজয় কোঠারির** পাওনাদারদের ৮ নং এন্ট্রির বিপরীতে উল্লিখিত ঠিকানায় রেজোলিউশন প্রফেশনালের কাছে ১০/১২/২০২৬ তারিখে বা তার আগে প্রমাণ সহ তাদের দাবি জমা দেওয়ার আহ্বান জানানো হচ্ছে। পাওনাদাররা ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে বা কুরিয়ার, স্পিড পোস্ট বা রেজিস্টার্ড চিঠির মাধ্যমে প্রমাণ এবং ব্যক্তিগত তথ্য সহ তাদের দাবি জমা দেবেন।
দাবির মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ জমা দিলে জরিমানা আকর্ষণ করা হবে।

স্বা/-
ভিকি ড্যাং
রেজোলিউশন প্রফেশনাল
নিবন্ধন নং IBBI/IPA-003/IP-N00359/2021-22/13763

তারিখ : ১৯/১১/২০২৬
স্থান : নিউ দিল্লি

IDBI BANK

আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, রিটেল রিকভারি ডিপার্টমেন্ট
CIN : L65190MH2004GOI148838
৪৪ শেক্সপিয়র সরণী, ২য় ফ্লোর, কলকাতা - ৭০০০১৭
ফোন নং : (০৩৩) ৬৬৫৫৭৭২৫, ওয়েবসাইট : www.idbibank.in

[পরিশিষ্ট IV-A]
[রুল ৮(৬)-এর শর্তাবলী দেখুন]
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর শর্তাবলীর সাথে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(দের) এবং গ্যারান্টার(দের) নোটিশ দেওয়া হচ্ছে যে সিকিউরড পাওনাদারের কাছে বন্ধক/চার্জ করা নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি, যার বাস্তবিক / প্রতীকী দখল আইডিবিআই ব্যাঙ্ক, সিকিউরড পাওনাদারদের অনুমোদিত অফিসার নিয়েছেন, তা নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(দের) এবং গ্যারান্টার(দের) কাছ থেকে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেডের বকেয়া পাওনা আদায়ের জন্য **২১.১২.২০২৬** তারিখে ''যেমন আছে যেখানে আছে'', ''যেমন আছে যা আছে'' এবং ''যা কিছু আছে'' ভিত্তিতে বিক্রি করা হবে।
২১.১২.২০২৬ তারিখে নিলাম করা হবে এমন সম্পত্তিগুলির বিবরণ (১৫ দিনের নোটিশ) নীচে দেওয়া হল।

ক্রম নং	ব্রাঞ্চের নাম	ক) ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাদের নাম খ) অ্যাকাউন্ট নং	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) দাবি নোটিশের তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) দাবি নোটিশ অনুযায়ী বকেয়া পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড/টেন্ডার বৃদ্ধির পরিমাণ
১	বর্ধমান	ক) ঋণগ্রহীতা - মা মনসা প্যাডি অ্যান্ড রাইস সাপ্লায়ার্স **সোল প্রোপ্রাইটর :** শ্রী দেবাশিস পান্ডে **বন্ধকদাতা :** শ্রী বিশ্বজিৎ রায় (প্রয়াত বন্ধকদাতা কল্পনা রায়ের ছেলে) শ্রীমতী মেরুনা দাস (রায়) (প্রয়াত বন্ধকদাতা কল্পনা রায়ের মেয়ে) খ) ২৫৯৬৫৫১০০০০০০৪৬	১৯৯০ সালের ডিড নং-১-৬০৫, আর.এস. প্লট নং ৬৫৭৯ এবং এল.আর. প্লট নং ৫০৪০, আর.এস. খতিয়ান নং ৩৫০/৮, হোল্ডিং নং-৩৭, ওয়ার্ড নং - ৩৪-এর অন্তর্ভুক্ত এবং অংশ গঠনকারী ০.০৩৮ একর পরিমাপের সমস্ত জমি এবং তার উপর অবস্থিত ভবন সহ, যা ডিএসআর এবং এডিএসআর বর্ধমান, থানা- বর্ধমান সদর, জেলা - পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গের অধীনে মৌজা - রাধানগর, জেএল নং - ৩৯-এর মধ্যে অবস্থিত, সেই সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। উক্ত সম্পত্তির সীমানা নিম্নরূপ : পূর্বে - হরি মতি কুণ্ডুর দোতলা আবাসিক ভবন, পশ্চিমে - রাধা গোবিন্দ কুণ্ডুর আবাসিক ভবন, উত্তরে - রাধা গোবিন্দ কুণ্ডুর আবাসিক ভবন, দক্ষিণে - ১৬ ফুট চওড়া মিউনিসিপ্যাল মেটাল রোড।	১) ২২.০৪.২০১৪ ২) ২৫.০৪.২০২৩ ৩) ৩০.০৯.২০১৩ তারিখ অনুযায়ী ৩৭,৬৪,০৪৬.০০/- টাকা (সাঁইত্রিশ লক্ষ চৌষট্টি হাজার ছেচল্লিশ টাকা), এবং তার সাথে ৩০.০৯.২০১৩ থেকে কার্যকর আরও সুদ সহ।	১)২৯,৮৬,২৩৬/- টাকা ২) ২,৯৮,৬২৪/- টাকা ৩) ১০,০০০/- টাকা

বিড নথিতে উপস্থিত শর্তাবলীর সারসংক্ষেপ
১. নিলাম পরিষেবা প্রদানকারী PSB Alliance Pvt. Ltd.-এর মাধ্যমে https//baanknet.com/ ওয়েবসাইটে ই-নিলাম প্ল্যাটফর্মে বিক্রয় হবে, যা ইউনিট ১, ৩য় ফ্লোর, VIOS টাওয়ার, অনিক নগর, ওয়াদালা ইস্ট, মুম্বই - ৪০০০৩৭-এ অবস্থিত।
২. কাজের দিনগুলিতে (সকাল ১১.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত) কলকাতা জোনাল অফিস, ৪৪, শেক্সপিয়র সরণী, কলকাতা - ৭০০০১৭, এসআইএমএস হাউস, গ্রাউন্ড ফ্লোর, ১১৫ জিটি রোড, পারবীরহাটা, এসবিআই-এর বিপরীতে, জেলা - পূর্ব বর্ধমান, পিন - ৭১৩১০৩ থেকে এবং ২০ নভেম্বর, ২০২৬ থেকে ১৯ ডিসেম্বর, ২০২৬ তারিখ বিকেল ৪.০০ টা পর্যন্ত (শনিবার (২য় এবং ৪র্থ), রবিবার এবং অন্যান্য ছুটির দিনগুলি ব্যতীত) ওয়েবসাইট www.idbibank.in এবং https//baanknet.com/ থেকে বিড নথিগুলি সংগ্রহ করা যেতে পারে।
৩. এই প্রকাশনাটি সংশোধিত সরফায়াসি অ্যাক্ট ২০০২ অনুযায়ী রুল ৮(৬)-এর অধীনে বিক্রয়ের জন্য ঋণগ্রহীতা/গ্যারান্টার/বন্ধকদাতার প্রতি একটি বিধিবদ্ধ বিক্রয় নোটিশও বটে।
৪. আরও বিশদ বিবরণ এবং সাধারণ শর্তাবলী ব্যাঙ্কের ওয়েবসাইট [www.idbibank.in]-এ রয়েছে এবং অথবা উপরে উল্লিখিত ব্যাঙ্ক আধিকারিকদের সাথে যোগাযোগ করুন এবং সেখানে হোস্ট করা বিড নথিতেও দেখুন।
৫. কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো বা সমস্ত বিড গ্রহণ বা প্রত্যাখ্যান করার অথবা নিলাম প্রক্রিয়া বাতিল করার অধিকার অনুমোদিত অফিসার সংরক্ষণ করেন।

আন্ডারটেকিং, কেওয়াইসি নথি এবং ইএমডি সহ বিড ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ	**১৯ ডিসেম্বর, ২০২৬ বিকেল ৪.০০ টা পর্যন্ত**
পরিদর্শনের তারিখ ও সময়	১১ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর, ২০২৬। সকাল ১১টা থেকে বিকেল ৩.০০ টা পর্যন্ত
ই-নিলামের তারিখ ও সময়	২১ ডিসেম্বর, ২০২৬ সকাল ১১.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা পর্যন্ত

বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর (সিকিউরড পাওনাদার) ওয়েবসাইট অর্থাৎ www.idbibank.in-এ প্রদত্ত লিঙ্কটি দেখুন। দায়ভার ব্যাঙ্কের জানা নেই।

তারিখ : ১৯.১১.২০২৬ স্থান : কলকাতা
স্বা/-
অনুমোদিত অফিসার, আইডিবিআই ব্যাঙ্ক লি.

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
এলাহাবাদ ALLAHABAD

সাগরদিঘি ব্রাঞ্চ
গ্রাম ও পোঃ - সাগরদিঘি,
জেলা - মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
পিন-৭৪২ ২২৬

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট - IV-A [রুল ৮(৬)-এর শর্তাবলী দেখুন]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর শর্তাবলীর সাথে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(দের) এবং গ্যারান্টার(দের) নোটিশ দেওয়া হচ্ছে যে সিকিউরড পাওনাদারের কাছে বন্ধক / চার্জ করা নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাঙ্ক, সাগরদিঘি ব্রাঞ্চ (সিকিউরড পাওনাদার)**-এর অনুমোদিত অফিসার নিয়েছেন, তা **শ্রী আশিষ কুমার ভকত (ঋণগ্রহীতা / বন্ধকদাতা),** পিতা রঘুনাথ ভকত, গ্রাম - পোপাড়া উত্তরবাজার, সাগরদিঘি পোঃ এবং থানা - সাগরদিঘি, জেলা - মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ২২৬-এর কাছ থেকে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, সাগরদিঘি ব্রাঞ্চ (সিকিউরড পাওনাদার)**-এর বকেয়া পাওনা **৩১, ০১,২৭১.০০ টাকা** (একত্রিশ লক্ষ এক হাজার দুইশো একাত্তর টাকা) (বিবি + এমওআই = ১৯,০৬,৪৮২.৫০ টাকা + ১১,৯৪,৭৮৮.৫০ টাকা) এবং তার উপর আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয়ের আদায়ের জন্য **২৩.১২.২০২৬ তারিখে ''যেমন আছে যেখানে আছে ভিত্তিতে'', ''যেমন আছে যা আছে ভিত্তিতে'' এবং ''যা কিছু আছে ভিত্তিতে''** বিক্রি করা হবে।
ই-নিলাম মোডের মাধ্যমে বিক্রির জন্য অভিপ্রেত সম্পত্তির নির্দিষ্ট বিবরণগুলি নীচে দেওয়া হল :

ক্রম নং	ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতার নাম খ) ব্রাঞ্চের নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ	সিকিউরড পাওনাদারদের বকেয়া পাওনা	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) বিড বৃদ্ধির পরিমাণ ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির উপর দায়ভার চ) দখলের ধরন
১.	ক) **শ্রী আশিষ কুমার ভকত (ঋণগ্রহীতা / বন্ধকদাতা),** পিতা রঘুনাথ ভকত গ্রাম - পোপাড়া উত্তরবাজার, সাগরদিঘি পোঃ এবং থানা - সাগরদিঘি, জেলা - মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ২২৬। **শ্রী সমীর স্বর্ণকার (জামিনদাতা),** পিতা প্রয়াত দীননাথ স্বর্ণকার গ্রাম - পোপাড়া উত্তরবাজার, সাগরদিঘি পোঃ এবং থানা - সাগরদিঘি, জেলা - মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ২২৬। **শ্রীমতী রাজকুমারী ভকত (জামিনদাতা),** স্বামী রঘুনাথ ভকত গ্রাম - পোপাড়া উত্তরবাজার, সাগরদিঘি পোঃ এবং থানা - সাগরদিঘি, জেলা - মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ২২৬। খ) **সাগরদিঘি ব্রাঞ্চ**	**শ্রী আশিষ কুমার ভকত-এর নামে** ২৭.০৮.২০১৫ তারিখের গিফট ডিড নং আই-৩১৩১/২০১৫ অনুযায়ী, জে.এল. নং ৮৮, খতিয়ান নং এলআর ১৬০৯, আরএস ৭০৮৩ দাগ নং আরএস এবং এলআর ২৮৯৮ এবং ২৮৯৯, মৌজা - পোপাড়া, থানা - সাগরদিঘি-এর অধীনে জমি ও তার উপর অবস্থিত ভবন সহ ২,০০ ডেসিম্যাল পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির প্রকৃতি বাড়ি ০১ ডেসিম্যাল এবং দোকান ০১ ডেসিম্যাল। **সম্পত্তির সীমানা :** উত্তরে : স্বপন ভকতের সম্পত্তি, দক্ষিণে : পরেশ ভকতের সম্পত্তি, পূর্বে : জুট ভকতের সম্পত্তি, পশ্চিমে : ১২'০" চওড়া মেটাল রোড।	**৩১,০১,২৭১.০০ টাকা** (একত্রিশ লক্ষ এক হাজার দুইশো একাত্তর টাকা) (বিবি + এমওআই = ১৯,০৬,৪৮২.৫০ টাকা + ১১,৯৪,৭৮৮.৫০ টাকা) এবং তার উপর আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ।	ক) ২৩,২৫,০০০.০০ টাকা (*) (তেইশ লক্ষ পঁচিশ হাজার টাকা) খ) ২,৩২,৫০০.০০ টাকা (দুই লক্ষ বত্রিশ হাজার পাঁচশো টাকা) গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা) ঘ) **IDIB30109530443** ঙ) ব্যাঙ্কের জানা নেই চ) প্রতীকী দখল

(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের উপরে হওয়া উচিত।

ই-নিলামের তারিখ ও সময় : তারিখ - ২৩.১২.২০২৬; সময় - সকাল ১১.০০ টা থেকে বিকেল ০৫.০০ টা।
ই-নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম https://baanknet.com

অনলাইন বিডে অংশ নিতে বিডারদের আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড-এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে **পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড, হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ই-মেইল আইডি support.BAANKNET@psballiance.com** এবং পরিষেবা প্রদানকারীর হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরগু